রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ ( সদরঘাট ), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ) রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা ফাল্গুন বুধবার, ১৩৭৩ ইং 15th. Feb. 1967 (৩৫শ সংখ্যা




দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

বিপুলতা আকার।

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন। পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

ষ্টুডেন্টস্ ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের মনের মত ভাল বই সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা ফাল্গুন বুধবার সন ১৩৭৩ সাল।

## বিদ্যাসাগর স্মরণে মর্মরফলক স্থাপন

—০—

সংস্কৃত কলেজের যে কক্ষটিতে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বসতেন মঙ্গলবার শতবর্ষের প্রাচীন সেই কক্ষে একটি মর্মর ফলক স্থাপিত হয়েছে। ১৮৫১ থেকে ৫৮ সন পর্য্যন্ত সংস্কৃত কলেজের অধ্যক্ষ থাকাকালে তিনি ঐ কক্ষে বসতেন। অলংকরণ পারিপাট্যে অনুপম ওই স্মারকের পিছনে বিদ্যাসাগরের একটি সুদৃশ্য প্রতিকৃতি রাখা হয়েছে। জাতীয় অধ্যাপক ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ওই প্রতিকৃতির আবরণ উন্মোচন করতে গিয়ে বাংলার জাতীয় জাগরণে বিদ্যাসাগরের অবদানের কথা স্মরণ করে তাঁর স্মৃতির উদ্দেশে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

---

## সরস্বতী পূজা

পূর্ব্বাপূর্ব্ব বৎসরের ন্যায় এবৎসরও জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরের প্রতি পল্লীতে এবং অলি-গলিতে মা সরস্বতীর প্রতিমা পূজা হইয়াছে। পল্লী অঞ্চলের বহু গ্রামে পূজা হইয়াছে। অধিকাংশ প্রতিষ্ঠানই সাধারণের নিকট চাঁদা সংগ্রহ করিয়া বাণী দেবীর পূজার্চ্চনা করিয়াছেন।

রঘুনাথগঞ্জের কারিকরগণের অনেকগুলি প্রতিমা বিক্রয় হয় নাই।

---

## নামীদের নামে গোলাপ

বর্ত্তমান শতাব্দীর ভারতের তিনজন নেতার নাম সুন্দর তিন প্রকার গোলাপের মধ্যে অমর করে রাখা হয়েছে। শো গার্ল নামে বিদেশী ধরণের গোলাপের মত সুগন্ধি ঈষৎ লাল একটি গোলাপের নাম রাখা হয়েছে রাষ্ট্রপতি রাধাকৃষ্ণন। পরলোকগত রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদের নামে আর এক জাতের গাঢ় রক্তবর্ণের গোলাপ নামাঙ্কিত হয়েছে। হলদে আভাযুক্ত আর একটি উজ্জ্বল গোলাপ উপরাষ্ট্রপতি ডঃ জাকির হোসেনের নাম পেয়েছে। এই তিন প্রকারের গোলাপই দেওঘরের মেসার্স ভট্টাচার্য্যের বাগানে হয়েছে। রাজা রামমোহন রায়ের নামেও আর এক জাতের গোলাপের নাম করা হয়েছে। কৃষি গবেষণার ভারতীয় পরিষদের ডিরেক্টর জেনারেল ডঃ বি, পি, পাল গোলাপ সম্বন্ধে ২৮৫ পৃষ্ঠার একখানি বই লিখেছেন। তাতে এই সব বিবরণ দেওয়া আছে। বইখানি গোলাপ প্রেমিক পরলোকগত পণ্ডিত জওহরলাল নেহরুকে উৎসর্গ করা হয়েছে। উপ-রাষ্ট্রপতি ডঃ জাকির হোসেন এই বই-এর ভূমিকা লিখে দিয়েছেন।

---

## ভক্তের বিদ্যা ফেরতে মায়ের জবাব

--০—



চারিখানি পাশ ক'রে বাবু
কাটতে ভুলো (t) টির মাথা
(i) আই-এর ফুটকি দিতে ভুলো
M. A. তুমি নও যাতা !
বাঙালী কেরাণী নহ,
হয়ে গেছো হাফ সাহেব !
এই বিদ্যা দিতে তোমার
সর্ব্বস্বান্ত পিতৃদেব !
বড় সাহেব রাগ করিলে
দুনিয়া দেখ অন্ধকার !
ক্যাপ ভেঙেছো শোনেন যখন
ব'লে ওঠেন ড্যাম্ শূয়ার।
বড় বাবুর চরণ ধরে
যখন তখন মাখাও তেল।
তাঁর হাতে যে টাকার হিসাব—
টানবে ঘানি খাটবে জেল।
পাশের কাগজ চারখানিতে
বিদ্যা বুঝি ফেরত হয় ?
ওতে আছে নাম লেখা তোর—
এতেও আছে জেলের ভয়।

—:০:—

মনে করিওনা দুঃখ
সত্যকথা হবে রুক্ষ
সূক্ষ্মভাবে ভেবে দেখ মনে—
আমি বিদ্যা-অধিষ্ঠাত্রী,
নহি কিন্তু বিত্ত-দাত্রী,
মোরে দোষী কর কি কারণে ?
দেবদেবী আছে যত,
ভিন্ন ভিন্ন কার্য্যে রত,
ডিপার্টমেন্ট ভাগ করা আছে—
লেখাপড়া গীতবাদ্য
শেখানো আমার সাধ্য
আর কিছু নাই মোর কাছে।
ধন ধান্য চাহে যেবা,
লক্ষ্মীর করুক সেবা
ট্রেজারী ডিপার্টমেন্ট তাঁর।
সে যদি আদেশ করে
পৌঁছাইয়া দিবে ঘরে
যক্ষরাজ কুবের পোদ্দার।
আমার ডিপ্লোমা বলে
কোনরূপে দিন চলে,
শাক অন্ন হয় ক্লায় ক্লেশে।
যদি বাড়ে পরিবার
খাইবার পরিবার
অবশ্য হইবে কষ্ট শেষে।
আফসোসে কিবা হবে ?
বো মারে আনো যবে
প্রজাপতি দেব করুণায়।

ডিপ্লোমার জোরে মোর,
কত টাকা বাবা তোর
নিয়েছিল বধিয়া বেয়াই !

সে টাকার সুদ ধরো,
বেতনটি যোগ করো
কম টাকা হবে না তাহাতে—

তা না ক'রে টাকাগুলি
উড়াইলে যেন ধূলি,
প্রোসেসনে আর বৌ-ভাতে !

পরের চোকের জল
ফেলার ফলিল ফল
থাকিল না ব্যাটা বেচা টাকা।

অন্য লোকে দুঃখ দিয়ে,
ফাটাইয়া তার হিয়ে
দেখেছ কি কারো সুখে থাকা ?

জোটায়ে আমি তোমায়
দিই নাই বৌ-মায়,
ঘটন ঘটালে প্রজাপতি।

কাচ্চা-বাচ্চা একপাল
জুটাইয়া যে জঞ্জাল,
ষষ্ঠী দেবী দিল এ দুর্গতি।

ভোগ ও বিলাস আদি
সে সব তো কৃত ব্যাধি
গতানুগতিক হ'য়ে নিলে।

চা, চুরুট আদি যত
ফ্যাসান শিখিয়া কত
ডুবে মরো স্বখাদ সলিলে।

আর দেখ চারি যুগে,
মোর ভক্তগণ ভুগে,
দৃষ্টান্ত রয়েছে বহু তার।

বেদব্যাস, কালিদাস
কাশীরাম কৃত্তিবাস,
সুখে দিন চলেছে কাহার ?

দরিদ্র মাইকেল মধু
কষ্টে দিন কাটি শুধু
তনু ত্যাগ করে হাসপাতালে ;

পুত্র মোর হেমচন্দ্র—
সেও হ'য়েছিল অন্ধ,
সুখ পেয়েছিল কোন্ কালে ?

সুকবি রজনীকান্ত
তাহারও হলো দেহান্ত
মেডিক্যাল কলেজ কটেজে।

আমার সেবক যারা,
অভাবে ভুগিছে তারা
আমারই অদৃষ্ট বাপ সে যে।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

Other Suit No. 49/67

বাদী—মটর ঘোষ দিং

বিবাদী—পশ্চিম বঙ্গ সরকার দিং

এতদ্দ্বারা থানা সাগরদীঘির অধীন দিয়ারা মৌজার সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে উক্ত বাদী দিয়ারা মৌজার ৬২৫নং খতিয়ানের ২০৬৮/২৫২২নং দাগের '৯ শতক জমি বাবত ভ্রমাত্মক রেকর্ড এর বিরুদ্ধে এক চিরস্থায়ী নিষেধাজ্ঞার মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন তাহাতে সর্ব্বসাধারণের কোন আপত্তি থাকিলে আগামী ১৯৬৭ সালের ৩/৩ তারিখ মধ্যে কারণ দর্শাইবেন। তজ্জন্য আইন মোতাবেক এই বিজ্ঞপ্তি দেওয়া হইল। ইতি—

By Order
Sd/- H. K. Roy,
Sheristadar,
2nd. Munsif's Court, Jangipur

---

## জঙ্গিপুর এডিঃ মুন্সেফী আদালত

নিলামের দিন ৬ই মার্চ্চ, ১৯৬৭

১৯৬৬ সালের ডিক্রীজারী

১ মনি ডিঃ জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনারগণ দেং গোষ্ঠবিহারী নাথ দিং দাবি ৭৫০'৫৪ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর '১১ শতকের কাত ৸৵৫ আঃ ২০০৲ খং ২২৪০ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ '১১ শতকের কাত ৸৵৫ আঃ ২০০৲ খং ২২৪২ ঐ স্বত্ব

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৩ই মার্চ্চ, ১৯৬৭

১৯৬৬ সালের ডিক্রীজারী

১৮ স্বত্ব ডিঃ হরেন্দ্রনাথ সাহা দিং দেং এমাম হোসেন সেখ দাবি ১৮৮৫'০৬ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জরুর ৯৬৪ খতিয়ানে ৫০ শঃ জমি আঃ ৮০০৲ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৮০৬ খতিয়ানের ১৮½ শঃ জমি আঃ ২৫০৲ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১৮৩ খতিয়ানের ১৬¼ শঃ জমি আঃ ২০০৲ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১১৫ খতিয়ানের ৫¼ শঃ জমি আঃ ১০০৲ ঐ স্বত্ব ৫নং লাট মৌজাদি ঐ ১৩৪ খতিয়ানের ৮ শঃ জমি আঃ ১০০৲ ঐ স্বত্ব

২২ মনি ডিঃ জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনারগণ দেং মদনমোহন চক্রবর্ত্তী দাবি ৪৭'৯২ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর '৭ শতকের কাত ১৷৴৭ তন্মধ্যে দেন্দারের ৷০ আনা অংশে ৩৷০ শতক জমির হারাহারি জমা ৸৯ পাই তদুপরিস্থিত দ্বিতল দালান বাড়ী মায় ইট, কাঠ, তীর, বরগা, কপাট চৌকাট ও জানালা সহ নওয়াজিম্মা আঃ ২৫৲ খং ১৭১০ রায়ত স্থিতিবান স্বত্ব

২৩ মনি ডিঃ ঐ দেং বিনয়কুমার চক্রবর্ত্তী দিং দাবি ২৬'৫৯ পয়সা মৌজাদি ঐ '৭ শতক জমির কাত ১৷৴৭ পাই তদুপরিস্থিত দ্বিতল দালান বাড়ী মায় ইট, কাঠ, তীর, বরগা, কপাট, চৌকাট ও জানালা সহ নওয়াজিম্মা আঃ ২০৲ খং ১৭১০ ঐ স্বত্ব

২৯ মনি ডিঃ সরস্বতীবালা দাস দেং সোলিমুদ্দিন সেখ দাবি ২৩৩১'৪২ পঃ থানা সুতি মৌজে নয়াবাহাদুরপুর ৩-১২ শঃ কাত ১০৮৬ পঃ তন্মধ্যে ১-৩৬ শঃ জমা ৪'৬৫ পঃ আঃ ১২০০৲ খং ১০৮৪ ২নং লাট মৌজাদি ঐ ১-৬২ শঃ জমা ৩'৪৮ পঃ তন্মধ্যে ৯৬ শঃ জমা ২'২৫ পঃ আঃ ৯০০৲ খং ১৬০

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৩ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

## চৌধুরী মোটরস্-এ

আসুন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)